গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
www.plandiv.gov.bd

২০২০-২১ অর্থ-বছরের ইনোভেশন টিমের সাথে দপ্তর/সংস্থার ২য় সভার কার্যবিবরণী।

সভার তারিখঃ ২৫ জানুয়ারি, ২০২১ খ্রিঃ
সময়ঃ সকাল ১১.৩০ ঘটিকা
সভার স্থানঃ ভবন নং ১০, কক্ষ নং-০৩, পরিকল্পনা বিভাগ
সভাপতিঃ জনাব মোঃ দেলোয়ার হোসেন, অতিরিক্ত সচিব (বাজেট) ও চিফ ইনোভেশন অফিসার, পরিকল্পনা বিভাগ।

১.০০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'।

২.০০ সভাপতি সভায় আগত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভাকে জানান যে, পরিকল্পনা বিভাগের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার ন্যায় অধীন দপ্তর/সংস্থা এনএপিডি ও বিআইডিএস এর উদ্ভাবন কর্মপরিকল্পনা রয়েছে। দপ্তর/সংস্থার কর্মসম্পাদন সূচকসমূহ বাস্তবায়নের জন্য লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে। সে আলোকে দপ্তর/সংস্থার অর্ধ-বার্ষিক অগ্রগতি মূল্যায়ন প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে পরিকল্পনা বিভাগে প্রেরণ করতে হবে।

৩.০০ গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন:

সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
(ক) এনএপিডি ও বিআইডিএস এর বার্ষিক উদ্ভাবন কর্ম পরিকল্পনা ২০২০-২১ এর সকল কর্মসম্পাদন সূচক যথাসময়ে বাস্তবায়ন করতে হবে;	(ক) বাস্তবায়ন কার্যক্রম চলমান আছে।
(খ) এনএপিডি ও বিআইডিএস এর উদ্ভাবন কর্ম-পরিকল্পনার বছরভিত্তিক উদ্ভাবনের সকল তথ্য নিয়মিত আপলোড/হালনাগাদ করতে হবে;	(খ) উদ্ভাবনের সকল তথ্য আপলোড/হালনাগাদ করা হয়েছে।
(গ) উদ্ভাবন কর্ম-পরিকল্পনার কার্যক্রম ১৪.১ ও ১৪.২ এর বাস্তবায়িত উদ্যোগের ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশনা ২টির কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে।	(গ) বাস্তবায়ন কার্যক্রম চলমান আছে।

৪.০০ উপসচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখা) সভাকে জানান যে, চলতি ২০২০-২১ অর্থ-বছরে অধীন দপ্তর/সংস্থার মধ্যে: (ক) এনএপিডি এর উদ্ভাবন কর্ম-পরিকল্পনায় ১৫ টি উদ্দেশ্য, ৩৩ টি কার্যক্রম এবং ৩৩ টি কর্মসম্পাদন সূচক রয়েছে। তিনি আরও অবহিত করেন যে, ৩৩টি কর্মসম্পাদন সূচকের মধ্যে ডিসেম্বর/২০ পর্যন্ত লক্ষ্যমাত্রা অনুযায়ী অগ্রগতি অর্জিত হয়েছে। অবশিষ্ট সময়াবদ্ধ কার্যক্রমসমূহের বাস্তবায়ন প্রক্রিয়াধীন আছে।

(খ) বিআইডিএস এর ২০২০-২১ অর্থ-বছরের এর উদ্ভাবন কর্ম-পরিকল্পনায় ১৫ টি উদ্দেশ্য, ৩৩ টি কার্যক্রম এবং ৩৩ টি কর্মসম্পাদন সূচক রয়েছে। পর্যালোচনায় দেখা যায় ডিসেম্বর/২০ পর্যন্ত কয়েকটি কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা অনুযায়ী অগ্রগতি অর্জিত হয়নি। এর মধ্যে বিআইডিএস এর উদ্ভাবন কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক ২.১.১ অনুযায়ী কর্মশালা/সেমিনারটি এখনো আয়োজন করতে পারে নি। এছাড়া কর্মসম্পাদন সূচক ২.২.১ ও ২.৩.১ অনুসারে প্রশিক্ষণ কার্যক্রমগুলো সম্পাদন করা হয় নি। অন্যান্য সময়াবদ্ধ কার্যক্রমগুলো বাস্তবায়নাধীন আছে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য:

৫.০০ বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(ক) উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর আওতায় অধীন দপ্তর/ সংস্থার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন আগামী ০৪/০২/২১ তারিখের মধ্যে পরিকল্পনা বিভাগে প্রেরণ করতে হবে;

(খ) এনএপিডি ও বিআইডিএস এর বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০২০-২১ এর সকল কর্মসম্পাদন সূচক যথাসময়ে বাস্তবায়ন করতে হবে;

(গ) বিআইডিএস এর সেমিনার/কর্মশালা ও প্রশিক্ষণ কার্যক্রম দ্রুত সম্পাদন করতে হবে।

৬.০০ অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
৩১/০১/২০২১
(মো: দেলোয়ার হোসেন)
অতিরিক্ত সচিব (বাজেট)
ও
চীফ ইনোভেশন অফিসার
পরিকল্পনা বিভাগ

নং-২০.০০.০০০০.৩২৮.৩৪.০০১.২০-**৪৭**

১৭ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ
তারিখঃ ৩১ জানুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ

বিতরণঃ

১. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, পরিবহনপুল ভবন, ঢাকা।
২. যুগ্মসচিব, (এপিএ/পরিকল্পনা), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৩. যুগ্মপ্রধান সমন্বয় (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা।
৪. উপসচিব, (এসএসআরসি/ কর্মসম্পাদন ব্যবস্থাপনা), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৫. পরিচালক (প্রঃ ও অঃ), জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, নীলক্ষেত, ঢাকা।
৬. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৭. সিনিয়র সহকারী সচিব, আইন শাখা/সাধারণ শাখা-১/প্রটোকল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৮. সচিব, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২. সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা **(কার্যবিবরনীটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।**
৩. অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা,পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৪. যুগ্মসচিব (বাজেট)মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা,পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৫. অফিস কপি

৩১/১/২১

(মোঃ রফিকুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৪৮১১২০৫৮
E-mail: ro.pms@plandiv.gov.bd